

ভিসিকে গালিগালাজ — লাশ ফেলে দেয়ার হুমকি ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র ও শিক্ষকদের অনৈতিক আচরণ □ ক্যাম্পাসে উত্তেজনা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের কতিপয় নেতা-কর্মী কর্তৃক ভিসিকে গালিগালাজ ও দু'জন শিক্ষকের মধ্যে উত্তেজিত বাক্য বিনিময় ও বিভিন্ন হুমকির ঘটনায় ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে। ভিসি অফিস সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার দুপুরে ছাত্রদের একজন শীর্ষ নেতার নেতৃত্বে কতিপয় কর্মী ভিসির সাথে দেখা করে বিভিন্ন দাবী উত্থাপন করে। এ সময় ভিসি প্রচেসের মুত্তাফিকুর রহমান এতলো পুরণে অধীকৃতি জানালে তারা ভিসির বিরুদ্ধে বিভিন্ন প্রোগ্রামসহ অকথা ভাষায় গালিগালাজ এবং অফিসের দরজায় লাথি মারে। উদ্ভূত পরিস্থিতিতে প্রক্টর ও পুলিশের সহায়তায় তাদেরকে বের করে দেয়া হয়।

অপরদিকে মঙ্গলবার রাতে ক্যাম্পাসস্থ ক্লাবে বিএনপি সমর্থক ও শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সেক্রেটারী মতিনুর রহমানের সাথে অর্পণ শিক্ষক কবির উদ্দিনের উত্তেজিত বাক্য বিনিময় ও লাশ ফেলে দেয়ার হুমকি দেয়া হয়েছে বলে জানা গেছে। এ ঘটনায় কিং ও উত্তেজিত বিএনপির একটি অংশ এবং জামায়াত সমর্থক শিক্ষকরা গতকাল এক যৌথ সভার মাধ্যমে ভিসির নিকট লিখিত অভিযোগ জানিয়েছেন। অভিযোগে উল্লেখ করা হয়েছে, মতিনুর রহমান কবিরউদ্দিনকে শারীরিকভাবে লাঞ্চিত করেছেন এবং তাকে প্রাণনাশের হুমকি দিয়েছেন। এর প্রেক্ষিতে উক্ত শিক্ষকগণ ২৪ ঘণ্টার মধ্যে শিক্ষক মতিনুর রহমানকে ৫-এর পৃঃ ৪-এর তঃ দেখুন

ইসলামী বিশ্ববিদ্যালয়ে

৫-এর পৃষ্ঠার পর
সাময়িক বহিষ্কার ও আবাসন হাউসসহ ভিসির নিকট ও দফা দাবী পেশ করেন। ভিসি এ ব্যাপারে একটি পরামর্শ কমিটি গঠনের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন বলে জানা গেছে। এদিকে অভিযুক্ত জনাব মতিনুর তার বিরুদ্ধে আনীত অভিযোগকে সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট বলে আখ্যায়িত করে বলেন, শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষক সমিতির সাথে আলোচনা না করে ভিসির নিকট ও ধরনের অভিযোগ পেশ সম্পূর্ণ অযৌক্তিক ও নিয়ম বহির্ভূত। এছাড়া তিনি তার সাথে উক্ত শিক্ষকের আচরণকে উচ্চতাপূর্ণ ও অনাকাঙ্ক্ষিত বলে উল্লেখ করেন।